# বাংলাদেশ নৌবাহিনী

শান্তিতে সংগ্রামে সমুদ্রে দুর্জয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনীর সাংগঠনিক কাঠামোভুক্ত ১০ম গ্রেডের নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নোক্ত শর্তে প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ক। | সহকারী লাইব্রেরী অফিসার (গ্রেড-১০ম, বেতন স্কেল : টাকা ১৬,০০০-৩৮,৬৪০) | ০২ (দুই) | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | সকল জেলা |
| খ। | ডেমনেস্ট্রেটর (গ্রেড-১০ম, বেতন স্কেল : টাকা ১৬,০০০-৩৮,৬৪০) | ০২ (দুই) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | |

২। শর্তাবলী :

ক। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা এর পত্র নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০২৯.১৯.১২২, তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২০ এর নির্দেশনা অনুসারে প্রার্থীর বয়সসীমা ২৫ মার্চ ২০২০ তারিখে গণনা করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।

খ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

গ। সরকারি নির্দেশনা অনুযায়ী বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহ ১০ম গ্রেডের বিধায় উক্ত পদসমূহ মেধার ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা হবে।

ঘ। প্রার্থীকে পূরণকৃত আবেদন ফরম এর সঙ্গে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা (নামযুক্ত সীলসহ) কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত সনদ/কাগজপত্রের এক সেট ছায়ালিপি দাখিল করতে হবে :

অ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবিসহ সকল শিক্ষাগত সনদ;

আ। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ই। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ;

ঈ। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনের সাথে তার পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত);

উ। প্রার্থী শারীরিক প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড);

ঊ। এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক সনদ;

ঋ। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র।

৩। বর্ণিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এছাড়া নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন বা পরিবর্তন হলে তা অনুসরণ করা হবে।

৪। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন/ভুল তথ্য প্রদান করেন এবং পরবর্তীতে তা শনাক্ত হয় সেক্ষেত্রে তার বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়োগাদেশ বাতিল করা হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। আগ্রহী প্রার্থীদেরকে নিম্নের তথ্যাবলী উল্লেখপূর্বক আবেদন করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) | পদের নাম : | |
| (২) | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ : দি ন মা স ব ৎ স র |
| (৩) | প্রার্থীর নাম : | বাংলায় :<br>ইংরেজিতে (বড় অক্ষরে) : |
| (৪) | জাতীয় পরিচয়পত্র নম্বর : | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| (৫) | জন্ম তারিখ : | | | | | | |
| (৬) | জন্মস্থান (জেলা) : | | | | | | |
| (৭) | **বয়স (২৫ মার্চ ২০২০ তারিখে) :** | বৎসর | | মাস | | দিন | |
| (৮) | মাতার নাম : | | | | | | |
| (৯) | পিতার নাম : | | | | | | |
| (১০) | ঠিকানা : | বর্তমান | | | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | | | | | |
| | ডাকঘর : | | | | | | |
| | পোস্টকোড নম্বর : | | | | | | |
| | থানা/ উপজেলা : | | | | | | |
| | জেলা : | | | | | | |
| (১১) | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | | ই-মেইল (যদি থাকে) : | | |
| (১২) | জাতীয়তা : | | | | | | |
| (১৩) | পুরুষ/ মহিলা (লিখুন) : | | | | | | |
| (১৪) | বৈবাহিক অবস্থা | | | | | | |
| (১৫) | ধর্ম : | | | | | | |
| (১৬) | পেশা : | | | | | | |
| (১৭) | শিক্ষাগত যোগ্যতা : | | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ | |
| | | | | | | | |
| (১৮) | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | | | | |
| (১৯) | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | | | | |
| (২০) | কস্ট মেমো নম্বর : | তারিখ : | দি ন | মা স | ব ৎ | স র | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | |
| (২১) | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদ ও প্রমাণক উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আমি আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি ন মা স ব ৎ স র — প্রার্থীর স্বাক্ষর

৬। নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ নৌবাহিনীর নিজস্ব ওয়েবসাইট (www.navy.mil.bd) এ পাওয়া যাবে।

৭। **আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্র আগামী ২০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এই ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে (সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়)।**

৮। "পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর" এর অনুকূলে (সঞ্চয়ী হিসাব নং- **০১২১৪৩৪০০৩৮৭২**, সোনালী ব্যাংক, নৌসদর শাখা, বনানী, ঢাকা- ১২১৩) প্রত্যেক পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যের কস্ট মেমো প্রদান করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৯। আবেদনপত্র প্রেরণের জন্য ব্যবহৃত খামের উপর **পদের নাম** স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা লিখিত (যে ঠিকানায় পত্রালাপ করা হবে) ২৩ সে: মি: × ১১ সে: মি: মাপের ০২ (দুই)টি খাম অবশ্যই সংযুক্ত করতে হবে, যার মধ্যে ০১ (এক)টি খামে ৬/- (ছয়) টাকার ডাকটিকেট লাগানো থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল হিসাবে গণ্য হবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোঃ হাফিজুর রহমান
পরিচালক (চলতি দায়িত্ব)
বেসামরিক কর্মচারী পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর

বরাবর

পরিচালক
বেসামরিক কর্মচারী পরিদপ্তর
নৌবাহিনী সদরদপ্তর
বনানী, ঢাকা-১২১৩

**বিষয় : ....................................................................................... পদে চাকরির জন্য আবেদন।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) | পদের নাম : | | | | |
| (২) | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ : | | |
| (৩) | প্রার্থীর নাম : | বাংলায় : | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | |
| (৪) | জাতীয় পরিচয়পত্র নম্বর : | | | | |
| (৫) | জন্ম তারিখ : | | | | |
| (৬) | জন্মস্থান (জেলা) : | | | | |
| (৭) | **বয়স (২৫ মার্চ ২০২০ তারিখে) :** | বছর | মাস | দিন | |
| (৮) | মাতার নাম : | | | | |
| (৯) | পিতার নাম : | | | | |
| (১০) | ঠিকানা : | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | | | |
| | ডাকঘর : | | | | |
| | পোস্টকোড নম্বর : | | | | |
| | থানা/ উপজেলা : | | | | |
| | জেলা : | | | | |
| (১১) | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে) : | | |
| (১২) | জাতীয়তা : | | | | |
| (১৩) | পুরুষ/ মহিলা (লিখুন) : | | | | |
| (১৪) | বৈবাহিক অবস্থা | | | | |
| (১৫) | ধর্ম : | | | | |
| (১৬) | পেশা : | | | | |

(১৭) শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| (১৮) | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| (১৯) | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| (২০) | কস্ট মেমো নম্বর : | তারিখ : | | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| (২১) | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদ ও প্রমাণক উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আমি আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : 

প্রার্থীর স্বাক্ষর